গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
**প্রভাতী প্রকল্প-ডিডিএম অংশ**
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

# প্রভাতী প্রকল্প-ডিডিএম অংশের ত্রৈমাসিক অগ্রগতি পর্যালচনা সভা (এপ্রিল-জুন ২০২৫), গাইবান্ধা জেলা -এর কার্যবিবরণী

প্রধান অতিথি : জনাব এ.কে.এম. হেদায়েতুল ইসলাম, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), গাইবান্ধা।
বিশেষ অতিথি : মোহাম্মদ শফিকুল ইসলাম, জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, গাইবান্ধা।
সভাপতি : জনাব নিতাই চন্দ্র দে সরকার, প্রকল্প সমন্বয়ক ও পরিচালক (এমআইএম, চ.দা.), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর ।
তারিখ : ০৬-০৮-২০২৫ খ্রি.
সময় : দুপুর ০১:০০ – বিকাল ০৫:০০ টা
স্থান : সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, গাইবান্ধা।

উপস্থিতি: তালিকা সংযুক্ত।

সভাপতি মহোদয় সূচনা বক্তব্যের মাধ্যমে সভা শুরু করেন। এসময় তিনি প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্টের সংক্ষিপ্ত পরিচিতি, লক্ষ্য ও উদ্দেশ্য এবং মূল কার্যক্রমসমূহ সংক্ষেপে তুলে ধরেন।

০২। সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে প্রাপ্ত মতামতের ভিত্তিতে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র.নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১। | প্রকল্পের সার্বিক অগ্রগতি | প্রকল্পের কার্যক্রমসমূহের ক্রমপুঞ্জিভুত অগ্রগতি, বিগত ত্রৈমাসিকের অগ্রগতি ও গাইবান্ধা জেলার অগ্রগতি উপস্থাপন করা হয়। | কার্যক্রম যথাযথভাবে এগিয়ে নিতে ত্রৈমাসিক পরিকল্পনা অনুযায়ী যথাসময়ে পদক্ষেপ গ্রহণ ও সম্পন্ন করতে হবে। | টিম লিডার ও প্রোগ্রাম ম্যানেজার |
| ০২। | বন্যার আগাম সতর্কবার্তা প্রচারের আওতা বৃদ্ধি | বন্যার আগাম সতর্কবার্তা স্থানীয় জনগণের নিকট দ্রুত ও কার্যকরভাবে পৌঁছে দেয়ার জন্য গাইবান্ধা জেলার জনপ্রিয় কমিউনিটি রেডিও 'সারাবেলা'র সঙ্গে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরের বিষয়ে আলোচনা হয়।<br>সাম্প্রতিক বছরগুলোতে বন্যার ক্ষেত্রে বিপদাপন্ন জনগোষ্ঠীর ফোন নম্বরে সরাসরি ভয়েস মেসেজ প্রেরণ করার বিষয়ে আলোচনা হয়, যাতে তারা সরাসরি বন্যার আগাম সতর্কবার্তা পেতে পারে। | ক) বন্যার আগাম সতর্কবার্তা প্রচারের জন্য রেডিও সারাবেলা'র সঙ্গে যত দ্রুত সম্ভব সমঝোতা স্মারক স্বাক্ষর করতে হবে।<br>খ) বিপদাপন্ন জনগোষ্ঠীর ফোন নম্বরে সরাসরি ভয়েস মেসেজ প্রেরণ করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | প্রোগ্রাম ম্যানেজার, উপ-প্রকল্প সমন্বয়ক ও রিজিওনাল কোঅর্ডিনেটর |
| ০৩। | কিয়স্ক ড্যাশবোর্ডের জন্য বিকল্প | কিয়স্ক ড্যাশবোর্ডের জন্য নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার জন্য বিকল্প | প্রকল্প বাজেটে সংস্থান না থাকায় প্রকল্পের মেয়াদ বৃদ্ধি পেলে ডিপিপি | প্রোগ্রাম ম্যানেজার ও |

| ক্র.নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা | হিসেবে আইপিএস বা ইউপিএস-এর ব্যবস্থা করার বিষয়ে আলোচনা হয়। প্রকল্পের বর্তমান বাজেটে কিয়স্ক ড্যাশবোর্ডের জন্য আইপিএস বা ইউপিএস ক্রয়ের সংস্থান নেই। তবে প্রকল্পের মেয়াদ বৃদ্ধি পেলে সংশোধিত ডিপিপি অনুমোদন সাপেক্ষে ইউপিএস সরবরাহের বিষয়টি বিবেচনা করা যেতে পারে। | অনুমোদন সাপেক্ষে ইউপিএস সরবরাহের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | আইসিটি স্পেশালিস্ট |
| ০৪। | কিয়স্ক ড্যাশবোর্ড স্থানান্তর | সাদুল্লাপুর উপজেলার পুরাতন ভবনে স্থাপিত কিয়স্ক ড্যাশবোর্ডটি নবনির্মিত উপজেলা কমপ্লেক্সে স্থানান্তর করার বিষয়ে আলোচনা হয়। পরবর্তীতে প্রয়োজনে সহজে স্থান পরিবর্তনের জন্য ড্যাশবোর্ডটি একটি স্থানান্তরযোগ্য স্ট্যান্ডে স্থাপনের প্রস্তাব উত্থাপিত হয়। | সাদুল্লাপুর উপজেলার ড্যাশবোর্ডটি নবনির্মিত উপজেলা কমপ্লেক্সে দ্রুত স্থানান্তরের উদ্যোগ গ্রহণ করতে হবে। | ফিল্ড ফ্যাসিলিটেটর ও রিজিওনাল কোঅর্ডিনেটর |
| ০৫। | বন্যা স্বেচ্ছাসেবকদের ভেস্টের রঙ | বন্যা স্বেচ্ছাসেবকদের প্রদত্ত ভেস্টের জন্য নীলের পরিবর্তে আরও উজ্জ্বল কোনো রঙ (যেমন- হলুদ বা লাল) ব্যবহারের বিষয়ে আলোচনা হয়, যাতে স্বেচ্ছাসেবকেরা ভেস্ট পরিহিত অবস্থায় মাঠ-পর্যায়ে দায়িত্ব পালনকালে এগুলো আরও সহজে দৃষ্টিগোচর হয়। | পরবর্তীতে স্বেচ্ছাসেবকদের ভেস্ট বা অন্যান্য সরঞ্জাম সরবরাহ করা হলে সকলের জন্য সহজে দৃশ্যমান রঙের বিষয়টি বিবেচনা করা হবে। | প্রোগ্রাম ম্যানেজার ও রিজিওনাল কোঅর্ডিনেটর |
| ০৬। | বন্যা সংক্রান্ত তথ্য সংগ্রহ ও প্রচারে স্বেচ্ছাসেবকদের অংশগ্রহণ | বন্যার পূর্বাভাস ও আগাম সতর্কবার্তার প্রচার আরও বৃদ্ধি করার জন্য স্বেচ্ছাসেবকদের নিয়ে অনলাইন যোগাযোগ মাধ্যমে গ্রুপ তৈরি করার বিষয়ে আলোচনা হয়। | বন্যার পূর্বাভাস ও আগাম সতর্কবার্তা প্রচারের জন্য স্বেচ্ছাসেবকদের নিয়ে অনলাইন যোগাযোগ মাধ্যমে এলাকা ভিত্তিক হোয়াটসঅ্যাপ গ্রুপ তৈরি করতে হবে। | প্রোগ্রাম ম্যানেজার ও রিজিওনাল কোঅর্ডিনেটর |
| ০৭। | ত্রৈমাসিক সভায় চরাঞ্চলের প্রতিনিধির উপস্থিতি | চর এলাকায় বন্যার প্রকোপ বেশি হওয়ায় পরবর্তী ত্রৈমাসিক সভায় চরাঞ্চলের একজন প্রতিনিধি (উদ্ধারকারী দল বা স্বেচ্ছাসেবক) উপস্থিত রাখার বিষয়ে আলোচনা হয়। | পরবর্তী ত্রৈমাসিক সভায় চরাঞ্চলের একজন প্রতিনিধির (উদ্ধারকারী দল বা স্বেচ্ছাসেবক) উপস্থিতি নিশ্চিত করতে হবে। | রিজিওনাল কোঅর্ডিনেটর ও ফিল্ড ফ্যাসিলিটেটর |
| ০৮। | বিবিধ | সভায় উপস্থিত উপজেলা নির্বাহী কর্মকর্তাগণ বলেন, বন্যায় উদ্ধার কার্যক্রম পরিচালনার জন্য কিছু নৌকা আছে, কিন্তু এগুলো সক্রিয় রাখার জন্য (যেমন- মাঝি, জ্বালানি ইত্যাদি বাবদ খরচ) বাজেট সংস্থান না থাকায় বেশিরভাগ ক্ষেত্রেই এগুলো অব্যবহৃত থেকে যাচ্ছে। বন্যার সময় ব্যবহারের জন্য | | |

| ক্র.নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | নৌকাগুলোর পরিচালন ব্যয় নির্বাহে প্রভাতী প্রকল্প থেকে বাজেট সংস্থান করার বিষয়টি বিবেচনার অনুরোধ জানান তাঁরা। | | |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(নিতাই চন্দ্র দে সরকার)
প্রকল্প সমন্বয়ক
প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট
ও
পরিচালক (এমআইএম- চ.দা.)

স্মারক নং- ৫১.০১.০০০০.০৪৬.০৬.০২৪.২৪. ৯২৭

তারিখ: ১৯-০৮-২০২৫ খ্রিঃ

**অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে:**

১। জেলা প্রশাসক, গাইবান্ধা।
২। প্রকল্প পরিচালক, প্রভাতী প্রকল্প, এলজিইডি, ঢাকা।
৩। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
৪। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), গাইবান্ধা।
৫। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, গাইবান্ধা।
৬। নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, গাইবান্ধা।
৭। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, গাইবান্ধা।
৮। উপজেলা নির্বাহী অফিসার (সদর/ফুলছড়ি/সাঘাটা/সুন্দরগঞ্জ/সাদুল্লাপুর), গাইবান্ধা।
৯। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (সদর/ফুলছড়ি/সাঘাটা/সুন্দরগঞ্জ/সাদুল্লাপুর), গাইবান্ধা।
১০। উপপরিচালক, কৃষিসম্প্রসারণ অধিদপ্তর, গাইবান্ধা।
১১। কান্ট্রি প্রোগ্রাম লিড-বাংলাদেশ, রাইমস, ঢাকা।
১২। টিম লিডার/ প্রোগ্রাম ম্যানেজার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১৩। হাইড্রোলজিক সিস্টেম ডেভেলপার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১৪। জিআইএস স্পেশালিষ্ট, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১৫। আইসিটি স্পেশালিস্ট, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১৬। ফাইন্যান্স এন্ড এডমিন অফিসার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১৭। কমিউনিকেশন অফিসার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১৮। রিজিওনাল কো-অর্ডিনেটর, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১৯। ফিল্ড ফ্যাসিলিটেটর, কুড়িগ্রাম/ গাইবান্ধা/ গাইবান্ধা, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
২০। পিএ টু মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২১। অফিস সেক্রেটারি, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
২২। অফিস কপি/গার্ড ফাইল।

(মোহাম্মদ হাফিজুর রহমান)
উপ-প্রকল্প সমন্বয়ক
ও
সহকারি পরিচালক (জিআইএস/আরএম)
প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট